



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ

৩১ মে ২০১৬ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য'র সাথে মহানগর আওয়ামী লীগ নেতা সেরনিয়াবাত সাদিক আব্দুল্লাহ'র সৌজন্য সাক্ষাৎ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন মহানগর আওয়ামীলীগ নেতা সেরনিয়াবাত সাদিক আব্দুল্লাহ । আজ ৩১ মে বিশ্ববিদ্যালয়ের প্রধান ক্যাম্পাসে বেলা ১২ টায় সৌজন্য সাক্ষাতে মিলিত হন তিনি । সৌজন্য সাক্ষাতে উপাচার্য মহোদয়ের বিশ্ববিদ্যালয় পরিচালনার ১ বৎসর পূর্তিতে শুভেচ্ছা জানান সাদিক আব্দুল্লাহ এবং বিশ্ববিদ্যালয়ের যে কোন প্রয়োজনে সার্বিক ভাবে পাশে থেকে সহযোগিতার আশ্বাস দেন । এ সময় উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরেন এবং সুষ্ঠু ও সুন্দর ভাবে রাজনৈতিক কার্যক্রম পরিচালনা করায় সাদিক আব্দুল্লাহকে ধন্যবাদ জানান । এসময় অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন জীব বিজ্ঞান অনুষদের ডিন ড. মোঃ হাসিনুর রহমান, প্রক্টর (ভারপ্রাপ্ত) মোঃ শফিউল আলম, শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক ও সহকারী প্রক্টর মোঃ আব্দুল কাইউম, সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক তারেক মাহমুদ আবিদ, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ফজলুল হক সহ বিভিন্ন শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ ফয়সল মাহমুদ রুগ্মি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়